

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর ০৩/১০০৮/১৭৮/১৯০৪/২৯/৪৯ তারিখ: ২০/১০/২০২০


প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : রোকেয়া পারভীন
অধ্যক্ষ, লাঠিগঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-মড়িয়া উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া


বিষয় : মামলা পরিচালনার দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের গত ১৬/০৭/২০২০ খ্রী: তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে, বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন লাঠিগঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজের নব গঠিত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়ন কে কেন্দ্র করে উক্ত কমিটির জনৈক অভিভাবক সদস্য জনাব মো: আব্দুল বারী মোল্লা মহামান্য হাইকোর্টে ৩৭৮৫/২০২০ নম্বর রিট পিটিশন দায়ের করেছেন। ইহাতে বোর্ডকে ২ ও ৩ নম্বর বিবাদী করা হয়েছে। উল্লেখিত মামলাটি অত্র বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য আপনাকে দায়িত্ব দেয়া হলো। উল্লেখ্য, মামলার যাবতীয় ব্যয়ভার কলেজ কর্তৃপক্ষ বহন করবে।


২০/১০/২০২০
প্রফেসর মো: হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী


২০/১০/২০২০


২০/১০/২০২০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর ০৩/৩০০০/৩৭১/৭৭০/২২/৪৮

তারিখ: ২০/১০/২০২০

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (আইন-১ শাখা)
শিক্ষা মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট মামলা নং-৩৭৮৫/২০ এর সর্বশেষ অবস্থা অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নম্বর-৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২০.২২০, তারিখ-১৬/০৯/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে, বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন লাঠিগঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজের নব গঠিত গভর্নিং বডির সভাপতি মনোনয়ন-কে কেন্দ্র করে উক্ত কমিটির জনৈক অভিভাবক সদস্য জনাব মো: আব্দুল বারী মোল্লা গত ২২/০৩/২০২০ খ্রী: তারিখে মহামান্য হাইকোর্টে ৩৭৮৫/২০২০ নম্বর রিট পিটিশন দায়ের করেন। উক্ত মামলার রায়ে মাননীয় আদালত বর্ণিত গভর্নিং বডির কার্যক্রম এক মাসের জন্য স্থগিত করেন। করোনা ভাইরাস (কোভিড-১৯) রোগের সংক্রমণ জনিত সংকট কালে ছুটির সময়ে স্বল্প পরিসরেও আদালতের কার্যক্রম পরিচালনা না করণ এবং জামিন/অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ-এর আদেশ বর্ধিতকরণ প্রসঙ্গে মহামান্য হাইকোর্ট প্রশাসন শাখার স্মারক নম্বর-২৭৫০, তারিখ-১১/০৪/২০২০ এবং বিচার শাখার স্মারক নম্বর-১৫ তারিখ-১১/০৮/২০২০ মোতাবেক দুইটি নির্দেশনা জারী করেন। অর্থাৎ মামলাটি প্রাথমিক অবস্থাতেই রয়েছে মর্মে প্রতিয়মান হয়। বিষয়টি আপনার সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

প্রফেসর মো: হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

২০/১০/২০২০

২০/১০/২০২০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর ৩/কল/বগ/১৯০/৪১৫/২৪/০৩/২০২০

তারিখ ২৩/০৩/২০২০

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : জেলা শিক্ষা অফিসার-বগুড়া
ডাক ও জেলা-বগুড়া

বিষয় : তাগিদ পত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : অত্র দপ্তরের স্মারক নং-৩/কল/বগ/(২য়)/১৯০/৪১৫, তারিখ-২৪/০৩/২০২০ খ্রী:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন লাঠিগঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজের নব গঠিত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়ন প্রক্রিয়ায় অনিয়ম হয়েছে মর্মে অভিযোগ উত্থাপিত হলে বিষয়টি তদন্তের জন্য বর্ণিত স্মারক ও তারিখে আপনার বরাবর একটি পত্র ইস্যু করা হয়। কিন্তু অদ্যাবধি কোন তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে পৌঁছায়নি। এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব বিবেচনায় নিয়ে তদবিষয়ে সুস্পষ্ট মতামত সহ একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের জন্য আপনাকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

২০/৩/২০২০
প্রফেসর মো: হাবিবুর রহমান-৪৫৬০

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

২৩/৩/২০২০